দৈনিক ইনকিলাব

২৭/৮/২০০৭

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ১২ কলাম ৬

# বেসরকারী শিক্ষকদের জুন ও জুলাইয়ের বেতনের সরকারী অংশ এখনও না দেয়ায় ক্ষোভ

**স্টাফ রিপোর্টার** ॥ বিভিন্ন শিক্ষক সংগঠন বেসরকারী শিক্ষকদের জুন ও জুলাই মাসের বেতনের সরকারী অংশ এখনও প্রদান না করায় তীব্র ক্ষোভ প্রকাশ করেছে। সোমবার এসব সংগঠন নেতৃবৃন্দ বলেন, সরকারী শিক্ষকসহ সকল সরকারী কর্মচারী নিয়মিত বেতন পেলেও বেসরকারী শিক্ষকদের বেতন প্রদানের ক্ষেত্রে নানা অজুহাতে সময়ক্ষেপণ করা হচ্ছে। তাঁরা অবিলম্বে শিক্ষকদের বেতন প্রদান এবং ভবিষ্যতে যথাসময়ে বেতন প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করার জন্য শিক্ষা উপদেষ্টা ও শিক্ষা সচিবের কাছে জোর দাবি জানান।